দৈনিক ইনকিলাব

তারিখ 20 JUL 2009
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ

# মাধ্যমিক স্তরের ক্লাস শুরু করতে হবে জানুয়ারীর প্রথম কার্যদিবস থেকে

স্টাফ রিপোর্টার

২০১০ সাল থেকে মাধ্যমিক স্তরের সকল শ্রেণীর ক্লাস আবশ্যিকভাবে জানুয়ারী মাসের প্রথম কার্যদিবস থেকে শুরু করতে হবে। মাধ্যমিক স্তরের সাধারণ, মাদ্রাসা ও কারিগরি সকল শিক্ষা ধারার ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ নির্দেশ জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, মাধ্যমিক স্তরের শিক্ষা ব্যবস্থায় প্রতি বছর

পৃঃ ৫ কঃ ৩

## মাধ্যমিক স্তরের

[illegible]-এর পৃষ্ঠার পর

জানুয়ারী মাসে শিক্ষাবর্ষ আরম্ভ হলেও নানা কারণে পাঠদান শুরু করতে বেশ বিলম্ব হয়। এতে শিক্ষাবর্ষের একটি গুরুত্বপূর্ণ সময় বিনষ্ট হয়। সার্বিক অবস্থা পর্যালোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সংশ্লিষ্ট প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে পরবর্তী শিক্ষাবর্ষে শ্রেণীকক্ষে পাঠদানের পূর্বপ্রস্তুতি হিসেবে ক্লাস, বার্ষিক পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশ, শিক্ষার্থী ভর্তি, পরবর্তী শিক্ষাবর্ষের জন্য ক্লাস রুটিন প্রণয়নসহ প্রয়োজনীয় সকল কার্যাদি সম্পন্ন করতে হবে।